তারিখ 12 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

যুগান্তর

# গোমস্তাপুরে শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

**গোমস্তাপুর (চাঁপাইনবাবগঞ্জ) প্রতিনিধি**

গোমস্তাপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (চলতি দায়িত্ব) ফেরদৌসী বেগম ও অফিস সহকারী ফরিদ হোসেনের বিরুদ্ধে নানা অনিয়ম ও দুর্নীতির অভিযোগ এনে ইউএনও'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালকের কাছে একটি অভিযোগপত্র দাখিল করেছে উপজেলার ৫৮টি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান। ৩১ আগস্ট ৫৮টি শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর সম্বলিত একটি অভিযোগপত্রের অনুলিপি স্থানীয় সাংবাদিকদের কাছে সরবরাহ করা হয়। অভিযোগপত্রে ওই শিক্ষা কর্মকর্তা ও অফিস সহকারীর বিরুদ্ধে ৯টি অভিযোগ আনা হয়। এর মধ্যে রয়েছে অফিসে অনুপস্থিতি, বিভাগীয় কাজে দায়িত্ব পালনের অবহেলা, অফিস সহকারী ফরিদ হোসেনকে ব্যক্তিগত সহকারী হিসেবে ব্যবহার, শিক্ষকদের অফিসিয়াল কাজে অসহযোগিতা, উপবৃত্তি বিতরণে অনিয়ম, ভবন নির্মাণে দীর্ঘসূত্রিতা, বিদ্যালয়ে নতুন বই পরিবহন ও টিউশন ফি'র অর্থ আত্মসাৎ, অফিসের অন্য সহকর্মীদের দায়িত্ব পালনে অসহযোগিতা, শিক্ষকদের সঙ্গে দুর্ব্যবহার, মন্ত্রণালয়ের বিভিন্ন কর্মসূচি যথাযথভাবে পালন না করা। এদিকে শিক্ষকরা ওই শিক্ষা কর্মকর্তা ও অফিস সহকারীর বিরুদ্ধে আনীত অভিযোগগুলো তদন্ত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের ঊর্ধ্বতন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেছে। এ প্রসঙ্গে গোমস্তাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা কেএম আলমগীর কবির জানান, শিক্ষকদের অভিযোগগুলো আমরা খতিয়ে দেখছি। অভিযোগগুলোর সত্যতা পাওয়া গেলে যথাযথ ব্যবস্থা নেয়া হবে।